শেষের পাতা

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

দৈনিক
আমার বার্তা
The Daily Amar Barta

আজ শুক্রবার ঢাকা ■ ৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ ■ ৩ মহররম ১৪৪৮ হিজরি ১৯ জুন ২০২৬

বিনামূল্যের পাঠ্যবই ছাপার কাজ শুরু করেছে এনসিটিবি

নিজস্ব প্রতিবেদক

বছরের প্রথম দিনই শিক্ষার্থীদের হাতে সরকারি বিনামূল্যের পাঠ্যবই তুলে দিতে চায় সরকার। ওই লক্ষ্যে শিগগিরই আগামী শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যবই ছাপানোর কাজ শুরু করতে যাচ্ছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। এবার প্রায় ১৭শ' কোটি টাকা খরচ করে ৩০ কোটি ৬১ লাখ পাঠ্যবই ছাপানো হবে। ৫৯৬টি লটে আহ্বান করা হবে ওসব বই ছাপা, বাঁধাই ও সরবরাহে দরপত্র। জুন মাসেই ধাপে ধাপে পাঠ্যবই ছাপা ও বিতরণে দরপত্র আহ্বান করা হবে। আর দরপত্র মূল্যায়ন, চুক্তি শেষে আগস্ট থেকে ছাপাখানা মালিকরা শুরু করবে বই ছাপা ও বাঁধাইয়ের কাজ। সব বই ৩০ নভেম্বরের মধ্যে ছাপানো শেষ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। তারপর উপজেলা পর্যায়ে বই সরবরাহ করা হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।

সংশ্লিষ্ট সূত্র মতে, শিক্ষার্থীদের হাতে বছরের শুরুতেই বই তুলে দিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) টানা ১৬ বছর ধারাবাহিকভাবে ব্যর্থতার পরিচয় দিয়েছে। বিগত ২০১০ সালে সরকার প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যবই দেয়া শুরু করে। ওই বছর ২১ জুলাই সব বই ছাপা ও বিতরণ শেষ হয়েছিল। ফলে বই পেতেই বছরের অর্ধেক সময় চলে যায়। তারপর থেকে কোনো সরকার বিনামূল্যে বই ছাপা ও বিতরণে ওই ব্যর্থতা আর কাটিয়ে উঠতে পারেনি। চলতি শিক্ষাবর্ষেও সব বই বিতরণে সময় লেগেছে মার্চের মাঝামাঝি পর্যন্ত। তাতে দেরিতে শুরু হচ্ছে শিক্ষাবর্ষ। আর প্রয়োজনের চেয়েও কম হচ্ছে ক্লাস। ফলে সিলেবাস শেষ না করেই শিক্ষার্থীরা পরীক্ষা দিয়ে পরবর্তী শ্রেণিতে উঠছে। তাতে শিখন ঘাটতি বাড়ার পাশাপাশি শিক্ষার মান নিম্নমুখী হচ্ছে।

সূত্র জানায়, এবার ষষ্ঠ থেকে নবম-দশম শ্রেণির জন্য পাঠ্যবই ছাপানো হবে ২২ কোটি ১০ লাখ ৪১ হাজার ৪৯৩ কপি। ওসব বইয়ের জন্য ৪৫৬ লটে দরপত্র আহ্বান করা হবে। তার মধ্যে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে ৭৫ লট করে মোট ২২৫ লট। আর শুধু নবম-দশমের জন্য ১৮০ লট। তাছাড়া ইবতেদায়ি শ্রেণিতে ৩৬ এবং দৃষ্টি প্রতিবন্ধীদের

● পৃষ্ঠা ২ কলাম ১

স্পেনের বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ ও স্পেনের মধ্যকার অর্থনৈতিক ও উন্নয়ন সহযোগিতার ক্রমবর্ধমান ধারা উল্লেখ করে স্পেনের বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। গতকাল বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে ঢাকায় নিযুক্ত স্পেনের রাষ্ট্রদূত গ্যাব্রিয়েল মারিয়া সিস্তিয়াগা ওচোয়া দে চিনচেত্রের বৈঠক অনুষ্ঠিত হয়। সেই বৈঠকে তিনি এ আহ্বান জানান। এ সময় তিনি বলেন,

● পৃষ্ঠা ২ কলাম ১

বেসরকারি পর্যটন কেন্দ্র বরগুনার সুরঞ্জনা ইকো টুরিজম এন্ড রিসোর্ট

নিজস্ব প্রতিবেদক

সুন্দরবন সংলগ্ন পর্যটন সম্ভাবনাময় উপকূলীয় জেলা বরগুনা। এ জেলার ওপর দিয়ে চারটি খরস্রোতা নদী বঙ্গোপসাগরের সাথে মিশেছে। বিষখালী, বলেশ্বর, বুড়িশ্বর ও আন্ধার মানিক এ চারটি নদী সাগরে যেখানে মিশেছে, ঠিক সেখানেই বিস্তির্ণ জলমোহনা। বঙ্গোপসাগরের মোহনীয় এ জলমোহনাকে ঘিরে গড়ে উঠেছে অসংখ্য ছোট ছোট স্নিগ্ধ দ্বীপবন। যেখানে হরিণ, বানর, কুমিরসহ রয়েছে শত প্রজাতির পাখ-পাখালি।

অন্যদিকে সুন্দরবনের অভয়াশ্রম যেমন সুপতি, কটকা, শ্মরণখোলা, চান্দেশ্বর, হিরণপয়েন্ট, দুবলারচর ইত্যাদি গহীন অরণ্যগুলো বরগুনার পাথরঘাটা উপজেলা থেকেই তুলনামূলকভাবে অনেক কাছে। যেখানে সুন্দরবনের বাঘ, হরিণ ও কুমিরসহ বিভিন্ন প্রজাতির পশু নির্বিঘ্নে ঘুরে বেড়ায়। এছাড়া বরগুনার তালতলী উপজেলা থেকে কুয়াকাটার অবস্থান পটুয়াখালী জেলার তুলনায় অনেক কাছে। কুয়াকাটায় ভ্রমণে যাওয়া দর্শনার্থীদের প্রধান আকর্ষণ সোনাকাটা ইকো পার্ক, টেংড়াগিড়ির বন, শুভ সন্ধ্যা সমুদ্র সৈকত, নিদ্রারচর, আশারচর। আর এসবই বরগুনা জেলার তালতলী উপজেলায় অবস্থিত। যেখানে রয়েছে বৈচিত্রময় রাখাইন আদিবাসীর বসবাস। এদিকে বরগুনার পাথরঘাটা উপজেলার

● পৃষ্ঠা ২ কলাম ১

উন্নয়ন প্রকল্পে কোনো বালিশকাণ্ড চলবে না

–মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান বলেছেন, সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সর্বোচ্চ সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। তিনি বলেন, উন্নয়ন প্রকল্পে কোনো ধরনের অপচয়, অনিয়ম বা 'বালিশকাণ্ড' যেন না ঘটে, সে বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকতে হবে।

গতকাল বৃহস্পতিবার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের উন্নয়ন সংক্রান্ত এক সভায় প্রধান অতিথির

● পৃষ্ঠা ২ কলাম ১

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম কমিশনের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে
কর্মশালা
তারিখ : ১৮ জুন
ঢাকা

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন গতকাল রাজধানীর একটি হোটেলে জাতীয় গণমাধ্যম কমিশনের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে আয়োজিত কর্মশালায় বক্তব্য রাখেন। এসময় উপস্থিত ছিলেন তথ্য প্রতিমন্ত্রী তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী ও তথ্য উপদেষ্টা ডাঃ জাহেদ উর রহমান –আমার বার্তা

বাংলাদেশি শ্রমিকদের আইনি বৈধতা অর্জনের সুযোগ দিলো জর্ডান

নিজস্ব প্রতিবেদক

আকামা/ তাসরিয়াবিহীন বাংলাদেশিদের আইনি বৈধতা অর্জনের সুযোগ দিয়েছে জর্ডান সরকার। বাংলাদেশিদের আকামা/তাসরিয়া নবায়ন করার মাধ্যমে আইনি বৈধতা অর্জন ও কর্মস্থল বা পেশা পরিবর্তনের সুযোগ দেওয়া হয়েছে বলে জানিয়েছে জর্ডানের বাংলাদেশ দূতাবাস।

১/ সময়সীমা- উক্ত আদেশ এই বছরের ১৫ জুন থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বলবৎ থাকবে।

২/ কারা এ আইনের আওতা থেকে বাদ পড়বেন?

ক) যেকোনও ভিসায় আগত বাংলাদেশি যারা ২৫ ফেব্রুয়ারি ২০২৫ এর পরে জর্ডানে প্রবেশ করেছেন

● পৃষ্ঠা ২ কলাম ২

করের হার না বাড়িয়ে রাজস্ব সংগ্রহ বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে

–অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেছেন, 'করের হার বাড়িয়ে নয়, বরং উৎপাদন ও অর্থনৈতিক কার্যক্রমের পরিধি সম্প্রসারণের মাধ্যমে রাজস্ব আহরণ বৃদ্ধি করা উচিত। সরকার সেই লক্ষ্যকে সামনে রেখেই নীতি ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে।' গতকাল বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিলায়তনে রিসার্চ এন্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্ট আয়োজিত বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেন, আমরা একটা নতুন মডেলের দিকে গিয়েছি। সেটা হচ্ছে- বিনিয়োগ থেকে উৎপাদন। উৎপাদন থেকে কর্মসংস্থান। কর্মসংস্থান থেকে করের হার না বাড়িয়ে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ বৃদ্ধি। তার মানে হচ্ছে পুরনো মডেল থেকে এটার একটা বড় রকমের পার্থক্য আছে। আগে বিনিয়োগ ঋণাত্মক হয়েছে এবং বিনিয়োগ প্রথম দিকে স্থবির হয়েছে।

তিনি আরো বলেন, আমরা উৎপাদনমুখী শিল্পায়নের দিকে যাচ্ছি, যাতে করে যে নিউ নরমাল পরিস্থিতি আসছে, অনিশ্চয়তা

● পৃষ্ঠা ২ কলাম ২

স্বৈরাচারের পুনর্বাসনের উদ্দেশ্যে অপপ্রচার চালানো হচ্ছে

–প্রতিমন্ত্রী শাহে আলম

নিজস্ব প্রতিবেদক

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেছেন, কিছু গোষ্ঠী স্বৈরাচারকে পুনর্বাসনের উদ্দেশ্যে পরিকল্পিতভাবে অপপ্রচার চালাচ্ছে। এ ধরনের অপচেষ্টার বিরুদ্ধে সবাইকে সজাগ ও ঐক্যবদ্ধ থাকতে হবে।

প্রধানমন্ত্রী তারেক রহমানের সহধর্মিনী ও বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডা. জুবাইদা রহমানের জন্ম বার্ষিকী উপলক্ষে গতকাল বৃহস্পতিবার সকালে বগুড়া শহীদ

● পৃষ্ঠা ২ কলাম ২

সাগর-রুনি হত্যা মামলা

তদন্ত প্রতিবেদন জমার তারিখ ১২৭ বার পেছালো

নিজস্ব প্রতিবেদক

সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ পিছিয়ে আগামী ২২ জুলাই নির্ধারণ করা হয়েছে। এনিয়ে এই দম্পতির হত্যা মামলার প্রতিবেদন দাখিলের তারিখ ১২৭ বার পেছালো। গতকাল বৃহস্পতিবার দুপুরে শুনানি শেষে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালত এই তারিখ ঠিক করেন। এদিন মামলাটির তদন্ত প্রতিবেদন

● পৃষ্ঠা ২ কলাম ৩

জাতীয় গণমাধ্যম কমিশনের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে আয়োজিত কর্মশালায় তথ্যমন্ত্রী

গণমাধ্যম সংস্কার প্রক্রিয়ায় সরকার কেবলই সহায়ক

নিজস্ব প্রতিবেদক

দেশের ইতিহাসে এই প্রথম গণমাধ্যমের সব ধারার অংশীজনকে এক মঞ্চে সমবেত করেছে সরকার। এর মাধ্যমে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত ও দেশে একটি স্বাধীন জাতীয় গণমাধ্যম কমিশন গঠনের বিরাট সুযোগ সৃষ্টি হয়েছে। এমনটাই জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন।

তিনি বলেন, 'এই সংস্কার প্রক্রিয়ায় সরকার রাষ্ট্রের পক্ষ থেকে কেবল একজন 'সহায়ক' ও সহযোগী অংশীদার হিসেবে দায়িত্ব পালন করবে।' গতকাল বৃহস্পতিবার সকালে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এ জাতীয় গণমাধ্যম কমিশনের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে আয়োজিত এক কর্মশালায় সভা প্রধানের বক্তব্যে তিনি এ কথা বলেন।

তথ্যমন্ত্রী বলেন, 'আজকের দিনটি দেশের গণমাধ্যম ইতিহাসের জন্য এক অনন্য মাইলফলক। বাংলাদেশে এই প্রথম গণমাধ্যমের মূল ধারার সকল অংশীজনকে আমরা একই মঞ্চে জড়ো করতে পেরেছি।' তিনি বলেন, 'আজকের এই আয়োজন মূলত একটি

● পৃষ্ঠা ২ কলাম ৩

সবার মতামত নিয়ে জাতীয় গণমাধ্যম কমিশন গঠন করা হবে

–তথ্য প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

জাতীয় গণমাধ্যম কমিশন সরকার চাপিয়ে দিতে চায় না, বরং অংশীজনদের সবার মতামত নিয়েই এই কমিশন গঠন করা হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী। স্বাধীন গণমাধ্যম প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারের সদিচ্ছার কথাও পুনর্ব্যক্ত করেন তিনি।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর

● পৃষ্ঠা ২ কলাম ৩

বিরোধীদলীয় নেতার সঙ্গে পাকিস্তানের হাইকমিশনারের সাক্ষাৎ

বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও এগিয়ে নিতে চায় পাকিস্তান

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। গতকাল বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এই সাক্ষাতে পাকিস্তান হাইকমিশনের পলিটিক্যাল কাউন্সেলর কামরান দাংগালও উপস্থিত ছিলেন।

এ সময় অনুষ্ঠিত বৈঠকে পাকিস্তানের হাইকমিশনার জানান, তারা বাংলাদেশের সঙ্গে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে দ্বিপক্ষীয় সম্পর্ককে আরও এগিয়ে নিতে চান। তিনি বলেন, বাংলাদেশ ও পাকিস্তানের সম্পর্ক সাম্প্রতিক সময়ে ইতিবাচক ধারায় অগ্রসর হচ্ছে।

আলোচনায় দুই দেশের মধ্যে বাণিজ্যের পরিমাণ বৃদ্ধি, সামরিক ও বেসামরিক কর্মকর্তাদের একাধিক সফর এবং শিক্ষা খাতে যোগাযোগের বিষয় উঠে আসে। হাইকমিশনার জানান, সম্প্রতি বাংলাদেশের শিক্ষাবিদদের একটি প্রতিনিধিদল পাকিস্তান সফর করেছে এবং পাকিস্তানের শিক্ষা কাঠামো দেখে সন্তোষ প্রকাশ করেছে।

গত মাসে ঢাকায় অনুষ্ঠিত শিক্ষা মেলার সাফল্যের বিষয়েও বিরোধীদলীয় নেতাকে অবহিত করেন হাইকমিশনার। তিনি জানান, পাকিস্তান আগামী পাঁচ বছরে পর্যায়ক্রমে বাংলাদেশের ৫০০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ প্রদান করবে। ইতিমধ্যে ৭৪ জন পাকিস্তানে গমন করেছেন।

বৈঠকে জানানো হয়,

● পৃষ্ঠা ২ কলাম ৩

পরীমনিকাণ্ডে এডিসি সাকলায়েনকে বাধ্যতামূলক অবসর

নিজস্ব প্রতিবেদক

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের সাবেক অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) ও বর্তমানে ঝিনাইদহ ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের অতিরিক্ত পুলিশ সুপার মো. গোলাম সাকলায়েনকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। গতকাল বৃহস্পতিবার এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনের সই করেন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। প্রজ্ঞাপনে বলা

● পৃষ্ঠা ২ কলাম ৩

হেলথ টিপস্

হাঁটু ব্যথা কি ও তার আদ্যোপান্ত

ডা. মেহেদী হাসান

হাঁটু ব্যথা কি কেবলই বয়সের কারণে হয়, নাকি এর পেছনে লুকিয়ে থাকতে পারে অন্য কোনো শারীরিক অসচেতনতা বা সমস্যা। অনেকেই মনে করেন হাঁটু ব্যথা মানেই বয়সের প্রাভাব, তবে চিকিৎসাবিজ্ঞানের মতে এটি সবসময় সত্য নয়। তরুণদের ক্ষেত্রেও লিগামেন্ট বা মেনিস্কাস আঘাতজনিত সমস্যার কারণে তীব্র হাঁটু ব্যথা হতে পারে, অন্যদিকে বয়স বাড়ার সাথে সাথে তরুনাস্থি (Cartilage) ক্ষয় হয়ে যাওয়ার ফলেও এই সমস্যা দেখা দেয়।

এছাড়া অতিরিক্ত ওজন যেকোনো বয়সেই হাঁটুর ওপর বাড়তি চাপ সৃষ্টি করে ব্যথার কারণ হয়ে দাঁড়ায়। যারা নিয়মিত শারীরিক ব্যায়াম করেন না, তাদের জয়েন্ট বা তরুনাস্থি অনেক দ্রুত ক্ষয় হয়ে যাওয়ার ঝুঁকি থাকে। তাই ব্যথার সঠিক কারণ আগেভাগে চিহ্নিত করে চিকিৎসা নিলে খুব দ্রুত ভালো ফলাফল পাওয়া সম্ভব।

হাঁটুর যেকোনো সমস্যাকে অবহেলা না করে আজই একজন অভিজ্ঞ অর্থোপেডিক বিশেষজ্ঞ ও ট্রমা সার্জনের পরামর্শ নিন এবং সুস্থ, সচল জীবন বজায় রাখুন।

● পৃষ্ঠা ২ কলাম ৪

শহীদ মুক্তিযোদ্ধার সন্তান দাবি করা জামায়াত এমপির বাবা এখনও জীবিত

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদে দাঁড়িয়ে নিজেকে 'মুক্তিযুদ্ধে শহীদের সন্তান' দাবি করে তীব্র সমালোচনার মুখে পড়েছেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য (এমপি) আব্দুল মুনতাকিম। এমন বক্তব্যের পর তা নিয়ে বিতর্কের মধ্যে জানা গেলো তার জন্ম ১৯৮১ সালে। নীলফামারী ৪ আসনের এ সংসদ সদস্য রবিবার জাতীয় সংসদে বাজেট অধিবেশন চলাকালে সম্পূরক বাজেটের আলোচনাকালে মুক্তিযুদ্ধে তাদের পরিবারের অবদান ছিল দাবি করে বলেন, তার বাবা একজন যুদ্ধে শহীদ। ৪৫ বছর বয়সি এই সংসদ সদস্যের নিজের বাবাকে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে 'শহীদ' দাবি করা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে হাস্যরসও ছড়িয়েছে।

তিনি বলেন, আমার বাবা, আমার দাদা যুদ্ধে শহীদ। আমার আব্বারা সাত ভাই- চার জন মুক্তিযোদ্ধা; আমার দাদারা ১৯ জনের ১১ জন মুক্তিযোদ্ধা। নির্বাচনী হলফনামা অনুযায়ী,

● পৃষ্ঠা ২ কলাম ৩

গতকাল সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার –আমার বার্তা

হজ শেষে দেশে ফিরেছেন ৫৮ হাজার ৬৩৯ হাজি

নিজস্ব প্রতিবেদক

সৌদি আরবে পবিত্র হজ পালন শেষে মোট ৫৮ হাজার ৬৩৯ বাংলাদেশি হাজি দেশে ফিরেছেন। গতকাল বৃহস্পতিবার হজ বুলেটিন থেকে জানা যায়, তিনটি নির্ধারিত বিমান সংস্থার মাধ্যমে বাংলাদেশ সময় ১৮ জুন রাত ২টা ৫৯ মিনিট পর্যন্ত মোট ১৪৫টি ফিরতি ফ্লাইট পরিচালিত হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৭২টি, সৌদিয়া এয়ারলাইন্স ৫২টি এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ২১টি ফ্লাইট পরিচালনা করেছে। হজ

● পৃষ্ঠা ২ কলাম ৪

অবৈধ স্থাপনা-দখলদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

–সিডিএ চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদক

অবৈধ দখল, অনিয়ম ও দীর্ঘদিনের স্থবিরতার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির ঘোষণা দিয়ে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) চেয়ারম্যান প্রকৌশলী বেলায়েত হোসেন বলেছেন, সিডিএ'র বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে যেসব অবৈধ স্থাপনা ও দখলদার বাধা সৃষ্টি করছে, সেগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

তিনি বলেন, দুর্নীতি, অবৈধ দখল ও দীর্ঘদিনের স্থবিরতা থেকে সিডিএ'কে মুক্ত করে একটি জনবান্ধব,

● পৃষ্ঠা ২ কলাম ৪

গতকাল দুপুরে সিডিএ'র চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শনকালে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) চেয়ারম্যান প্রকৌশলী বেলায়েত হোসেন –আমার বার্তা

ছয়টি বন্ধ চিনিকল চালুর দাবিতে 'মার্চ টু পিএমও' কর্মসূচির ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

বন্ধ থাকা ছয়টি রাষ্ট্রায়ত্ত চিনিকল আধুনিকায়নের মাধ্যমে দ্রুত চালুর দাবি জানিয়েছে রাষ্ট্রায়ত্ত চিনিকল রক্ষা সংগ্রাম জাতীয় কমিটি। একই সঙ্গে দাবি বাস্তবায়নে নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়ে সংগঠনটি ঘোষণা দিয়েছে– এক মাসের মধ্যে কার্যকর সিদ্ধান্ত না এলে আগামী ১০ আগস্ট প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে 'মার্চ টু পিএমও' কর্মসূচি

● পৃষ্ঠা ২ কলাম ৪

ড. ইউনূস ও সাবেক স্বাস্থ্য উপদেষ্টার শাস্তি দাবি

মহাখালীতে আ.লীগের ঝটিকা মিছিলে ককটেল বিস্ফোরণ নারীসহ আটক ৩

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর মহাখালীতে আন্তর্বর্তী সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও সাবেক স্বাস্থ্য উপদেষ্টা নুরজাহান বেগমের শাস্তির দাবিতে এক ঝটিকা মিছিল থেকে তিন-চারটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯টার দিকে রাজধানীর মহাখালী টার্মিনালের মূল সড়কে এই ঘটনা ঘটে।

তেজগাঁও শিল্পাঞ্চল থানা-পুলিশ জানিয়েছে, এ সময় নারীসহ তিন জনকে আটক করা হয়। তারা হলো, মিজানুর রহমান হাওলাদার (৪০), শামীম আর বেবি (৫০) ও শামীম হোসেন (৪৮)। প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে ১০ থেকে ১৫ জন জড়ো হওয়ার চেষ্টা করেন। তাদের হাতে নিষিদ্ধ ঘোষিত একটি সংগঠনের প্ল্যাকার্ডও ছিল। তারা

● পৃষ্ঠা ২ কলাম ৪

সম্পাদক : মোঃ জসিম উদ্দিন। নির্বাহী সম্পাদক : আবু বকর সিদ্দিক। সম্পাদক কর্তৃক প্রকাশিত বিএস প্রিন্টিং প্রেস ৫২/২ টয়েনবি সার্কুলার রোড, সূত্রাপুর, ঢাকা থেকে মুদ্রিত, **প্রধান কার্যালয় :** সায়হাম স্কাইভিউ টাওয়ার (৯ম তলা),
৪৫ বিজয় নগর, ঢাকা-১০০০, ফোন : ৮৩৯২৬৬১, ৮৩৯২৬৬২, বিজ্ঞাপন বিভাগ : ৮৩৯২৬৬৫, মফস্বল : ৮৩৯২৬৬৪, ই-মেইল : dailyamarbarta@gmail.com, adamarbarta@gmail.com